মুজিবনগরে টিএফসিএল’র আয়োজনে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে ট্রিটমেন্ট ফর চেঞ্জজিং লাইফ (টিএফসিএল) এর আয়োজনে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) উপজেলার শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই ক্যাম্পের আয়োজন করা হয়। মেডিক্যাল ক্যাম্পে দাঁত ও সাধারণ চিকিৎসাসেবা দিচ্ছেন ঢাকা থেকে আগত বিভিন্ন মেডিকেলের বিশেষজ্ঞ চিকিৎসকরা চিকিৎসা প্রদান করেন।

এসময় সেবা নিতে আসা রোগীদের মাঝে বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। টিএফসিএল একটি অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান। গরীব-অসহায়দের স্বাস্থ্য সেবা নিশ্চত করতে ২০১০ সালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ২০০১ ব্যাচের কয়েকজন বন্ধু মিলে সংগঠনটি প্রতিষ্ঠা করে। এর আগে মেহেরপুরের বুড়িপোতা ও সোনাপুর গ্রামে দুটি মেডিকেল ক্যাম্প পরিচালনা করে সংগঠনটি।

সংগঠনের সদস্যরা বলেন, আমরা কয়েকজন বন্ধু মিলে এই উদ্যোগ গ্রহণ করি। ছোট পরিষরে হলেও আমরা এগিয়ে যাচ্ছি। এলাকার বিত্তবানরা যদি এগিয়ে আসে তাহলে আগামীতে এই সেবার পরিধি আরও বাড়িয়ে আমরা অসহায় মানুষের পাশে থাকতে চাই। মুজিবনগর থানা পুলিশ ও শিবপুর যুব সংঘর সদস্যরা সার্বিক সহযোগিতা করে।

মুজিবনগরে ব্লাড ব্যাংক সংগঠনের পরিচিতি সভা ও কমিটি

গঠন

মুজিবনগরে আর্ত মানবতার সেবাই মুমূর্ষ রোগীদের স্বেচ্ছায় রক্তদানের উদ্দেশ্যে ২০১২ সালে গঠিত স্বেচ্ছাসেবী সংগঠন মুজিবনগর ব্লাড ব্যাংক এর পরিচিতি সভা এবং নতুন কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) বিকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স পর্যটন মোটেলে এ পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

পরিচিতি সভা শেষে আগামী ২ বছরের জন্য ইকবাল হোসেনকে সভাপতি ও সাহাজ সাব্বিরকে সাধারন সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ঠ কমিটি গঠন করা হয়।

বাকী সদস্যরা হলেন, সহসভাপতি বায়োজীদ মোল্লা, সাংগঠনিক সম্পাদক রিয়াজ, কোষাধক্ষ শাহীন, প্রচার সম্পাদক বায়োজিদ, দপ্তর সম্পাদক পারভেজ। কার্যনির্বাহী কমিটির অন্য সদস্যরা হলেন, সজীব, নাহিদ, রবিউল ইসলাম, আকাশ, তন্ময়, মোতাহার, শিলন, মাহাফুজুর রহমান, ইমরান, লিংকন, রিয়াদ,ফয়সাল হোসেন, তূর্য ক্যামী, তোফিক।

এ সময় বক্তব্য রাখেন নবাগত কমিটির উপদেষ্টা এসএম ফিরোজুর রহমান, হাসান মুস্তাফিজুর রহমান, সাইমন মন্ডল, খাইরুল বাশার, ওয়াসিম শেখ, ইমরান, শাহেদ পালু প্রমুখ।

কমিটি শেষে ব্লাড ব্যাংক সংগঠনের সকল সদস্যরা বিনামূল্যে রক্তদানসহ গরীব অসহার রোগীদের রক্ত দানে সহায়তা করতে এগিয়ে আসবে বলে আশা ব্যক্ত করেন।

মুজিবনগরে জাতীয় ইঁদুর নিধন অভিযানের শুভ উদ্বোধন

“ছাত্র শিক্ষক কৃষক ভাই ইঁদুর দমনে সহযোগিতা চাই” -এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে জাতীয় ইঁদুর নিধন অভিযান ২০২৪

এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার (৪ নভেম্ববর) সকাল ১১ টায় উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, দিবসটি উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়।

র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা কৃষক প্রশিক্ষণ হলরুমে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি অফিসার আব্দুল মোমিনের সভাপতিত্বে ইঁদুর দমন বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স ও মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান (শের খাঁন), সাবেক সাধারণ সম্পাদক শেখ শফিউদ্দিন, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার রফিকুল ইসলাম।

জাতীয় ইঁদুর নিধন অভিযানের উদ্বোধনী অনুষ্ঠানে প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিক, উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা, কর্মচারী এবং কৃষক প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগর উপজেলা বিসিডিএসের আহবায়ক কমিটি গঠন

আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে মেহেরপুরের মুজিবনগর উপজেলা বিসিডিএস এর ৬ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়েছে।

গতকাল রবিবার দুপুরের দিকে বাংলাদেশ কেমিস্টস এন্ড ড্রাগিস্টস সমিতি মেহেরপুর জেলা শাখার আয়োজনে কার্যনির্বাহী সদস্য সাইফুল ইসলামের সঞ্চালনায় মুজিবনগর সূর্যোদয় রেস্ট হাউসে মুজিবনগর উপজেলা বিসিডিএস এর ৬ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

মুজিবনগর উপজেলা বিসিডিএসের আহবায়ক কমিটির আহ্বায়ক সেলিম হোসেন খান, যুগ্ম আহ্বায়ক জালাল উদ্দিন, নির্বাহী সদস্য আসিফ আল

মোনায়েম, আনোয়ার হোসেন লাল্টু, রহমানসহ গিয়াস উদ্দিন কে দিয়ে আনুষ্ঠানিক ভাবে ৬ সদস্য বিশিষ্ট কমিটির নাম ঘোষণা করেন মেহেরপুর জেলা বিসিডিএস এর আহবায়ক রিনু।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিসিডিএস এর কার্যনির্বাহী সদস্য ইসমাইল হোসেন, কাজী খয়রুদ্দিন, সাইফুল ইসলাম, ইমন বিশ্বাস সহ সাংবাদিকবৃন্দ।

জাতীয় সমবায় পুরস্কার পেল মুজিবনগরের গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন

জাতীয় সমবায় পুরস্কার —২০২৩ পেল মেহেরপুরের মুজিবনগর উপজেলার গোপালনগর কো—অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:। আজ শনিবার ২ নভেম্বর জাতীয় সমবায় দিবস উপলক্ষে এ পুরস্কার প্রদান করা হয়।

রাজধানীর সমবায় অধিদপ্তরের মাল্টিপারপাস সম্মেলন কক্ষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা এ এফ হাসান আরিফ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার প্রদান করেন।

গোপালনগর কো—অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের সভাপতি সহযোগী অধ্যাপক আব্দুর রাজ্জাক উপদেষ্টার হাত থেকে পুরস্কার গ্রহণ করেন। প্রতিষ্ঠানটি সঞ্চয় ও ঋণদান ক্যাটাগরিতে পুরস্কার পায়। এ বছর সমিতি হিসেবে ৭টি প্রতিষ্ঠান ও সমবায়ী হিসেবে ৩ জন সমবায়ী এ পুরস্কার পেয়েছেন।

পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব শাহানারা খাতুনের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যান বিষয়ক উপদেষ্টা শারমিন মুর্শিদ, সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মো: শরিফুল ইসলাম, অতিরিক্ত নিবন্ধক কাজী মেজবাহ উদ্দীন আহমেদ,

মোনাটেক যাদুনালা মৎস্য চাষ বহুমুখী সমবায় সমিতির সভাপতি রত্নোজ্জল চাকমা।

গোপালনগগর কো—অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: ১৯৯৭ সালে নিবন্ধন নিয়ে ঋণদান শুরু করে। সমিতির বর্তমান সদস্য ৩৮২৩ জন। ঋণ গ্রহণ করেছেন ১৯১১ জন। সমিতির বর্তমান কার্যকরী মূলধন ৩৮ কোটি ৪০ লাখ ৮৭ হাজার ১৪৭ টাকা। সমিতিটি ২০২৩ সালে সমিতিটি একই সঙ্গে মুজিবনগর উপজেলা, মেহেরপুর জেলা ও খুলনা বিভাগের শ্রেষ্ঠ সমবায় প্রতিষ্ঠান হিসেবে পুরস্কৃত হয়।

গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ সমবায় প্রতিষ্ঠান হিসেবে পুরস্কার লাভ করায় সংগঠনের কর্মকর্তা, কর্মচারীসহ সকল সদস্যকে শুভেচ্ছা ওঅভিনন্দন জানিয়েছেন মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু। তিনি সমিতির উত্তোরত্তর সফলতাও কামনা করেন।

মুজিবনগরে ৫৩তম জাতীয় সমবায় দিবস পালন

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণীর মধ্য দিয়ে পালিত হয়েছে ৫৩তম জাতীয় সমবায় দিবস।

দিবসটি উপলক্ষে আজ শনিবার (০২ নভেম্বর) সকালে উপজেলা পরিষদ চত্বরে থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, উপজেলা পরিবার

পরিকল্পনা কর্মকর্তা ডা: খন্দকার সানজিদা আক্তার, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান (শের খাঁন), বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আরিফ খান, তুষার, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম।

এ ছাড়াও বক্তব্য রাখেন, গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাবেক সভাপতি মাহফুজ আলম, সুপ্রতিবেশি মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন প্রমুখ।

আলোচনা শেষে শ্রেষ্ঠ সমবায় সমিতি গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সুপ্রতিবেশি মহিলা সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে জহুরুল হককে পুরস্কৃত করা হয়।

অনুষ্ঠানে প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিক, উপজেলার বিভিন্ন সমবায় সমিতির কর্মকর্তা কর্মচারী এবং সমবায়ীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিএনপির নেতা রফিকুল ইসলামের দাফন সম্পন্ন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহানজনপুর ইউনিয়নের গোপালপুর ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ইউপি সদস্য রফিকুল ইসলামের জানাযা ও দাফন সম্পন্ন হয়েছে।

রফিকুল ইসলাম মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক খোরশেদ আলম দুখুর পিতা। হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি আজ শুক্রবার দিবাগত রাত চারটার দিকে কুষ্টিয়া মান্নান হার্ট ফাউন্ডেশন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৩ বছর। তিনি তার স্ত্রী, ৩ ছেলে সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

আজ শুক্রবার ১১টার দিকে গোপালপুর ঈদগাহ মাঠে জানাজা শেষে ঈদগাহ মাঠ সংলগ্ন কবরস্থানে দাফন করা হয়।

জানাযা ও দাফনকাজে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ শেনজির, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আকমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসানাত আফরোজ, জেলা বিএনপি’র ও মহাজনপুর ইউনিয়ন বিএনপি নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশ নেন।

মুজিবনগরে জাতীয় যুব দিবস পালন

“দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ “এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় যুব দিবস।

দিবসটি উপলক্ষে আজ শুক্রবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি যুব র্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ অডিটরিয়ামে উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে, আলোচনা সভা, প্রশিক্ষণ সনদ ও ঋণের চেক বিতরণ অনুষ্ঠিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিনের সভাপতিত্বে এবং উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা জাফর ইকবাল এর সঞ্চালনায়, আলোচনা সভা, প্রশিক্ষণ সনদ ও চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার এস আই সাজ্জাদ হোসেন, মুজিবনগর উপজেলা ছাত্র সমন্বয়ক আরিফ খান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারূক প্রিন্স। এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মতিউর রহমানসহ প্রশিক্ষণার্থীবৃন্দ।

জাতীয় যুব দিবস উপলক্ষে আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষে এবং যুবকদের আত্মনির্ভরশীল হিসাবে গড়ে তোলার জন্য অনুষ্ঠান শেষে ১৪ জন যুবক ও যুবতি মহিলার মাঝে সাড়ে ১০ লক্ষ টাকার ঋণের চেক ও প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

এ সময় উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা কর্মচারী সাংবাদিক ও যুবক-যুবতিরা উপস্থিত ছিলেন।

জামায়াতে ইসলামীকে স্বাধীনতা বিরোধী হিসেবে প্রচার করা হয়েছে: তাজউদ্দিন খান

জামায়াতে ইসলামীকে বাংলাদেশের মানুষ ১৭ টি বছর ধরে চিনেছে। এদেশের পেপার পত্রিকায়, এদেশের টিভি চ্যানেল, এমনকি রেডিওসহ সব জাগাতে আমাদের বিরুদ্ধে প্রচার করা হয়েছে স্বাধীনতা বিরোধী এবং ধর্ষক হিসাবে।আমাদের নামে প্রচার করা হয়েছে ১৯৭১ সালে জ্বালাও পুরাও সহ সমস্ত অপরাধ আমরা করেছি। আমাদের বিরুদ্ধে যেভাবে প্রচার করা হয়েছে তার এক পার্সেন্টও যদি জনগণ বিশ্বাস করতো তাহলে আমরা এদেশে বসবাস করতে পারতাম না। কিন্তু জনগণ এখন বুঝতে পারছে, এ সকল প্রচার এতদিন অপপ্রচার ছিল।

আজ শুক্রবার (০১ নভেম্বর) বিকালে আনন্দবাস বাজার প্রাঙ্গণে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন জামায়াতে ইসলামীর আয়োজনে এক কর্মী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ সকল কথা বলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমীর মাও: তাজউদ্দীন খান।

বাগোয়ান ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমীর ফারুক হুসাইনের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় শূরা সদস্য ও মেহেরপুর জেলা সমাজ কল্যান বিভাগের সাবেক সেক্রেটারী আলহাজ জারজিস হোসাইন, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামীর আমীর মাও: মো: খানজাহান আলী,সাধারন সম্পাদক খাইরুল বাশার, মেহেরপুর জেলা উলাম বিভাগের সভাপতি ও উপজেলা কর্ম

পরিষদের সদস্য হাফেজ মাও: ফিরাতুল ইসলাম নাঈম, মেহেরপুর পৌর জামায়াতে ইসলামীর আমীর সোহেল রানা ডলার, দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমীর মোস্তাফিজুর রহমান,মোনাখালি ইউনিয়ন জামায়াতে ইসলামীর সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান ও মুজিবনগর উপজেলা ছাত্র শিবিরের সভাপতি আবু তালহা।

উক্ত অনুষ্ঠানে জামায়াতে ইসলামীর ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের সনচালনা করেন বাগোয়ান ইউনিয়ন জামায়াতে ইসলামীর সাধারন সম্পাদক মো: হাফিজুর রহমান।

মুজিবনগরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মুজিবনগরে ২০ বোতল ভারতীয় ফেনসিডিল সহ সোহাগ (২২)নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ বুধবার সকাল সাড়ে নয়টার দিকে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজার মুজিবনগর-মেহেরপুর সড়কের আঙ্গুর ওয়েল্ডিং এন্ড থাই ওয়ার্কসফের সামনে থেকে তাকে আটক করা হয়। আটক সোহাগ আলী উপজেলার সোনাপুর মাঝপাড়া গ্রামের শরিফুল ইসলামের ছেলে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান জানান, এক মাদক ব্যবসায়ী ভারতীয় তৈরি অবৈধ নেশা দ্রব্য মাদক ফেনসিডিল বিক্রির উদ্দেশ্যে উপজেলার কেদারগঞ্জ বাজারে অবস্থান করছে এমন গোপন সংবাদ পেয়ে। মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একটি টিম কেদারগঞ্জ বাজারে অভিযান চালাই এ সময় কেদারগঞ্জ বাজারের মুজিবনগর-মেহেরপুর সড়কের ব্র্যাক অফিসের কাছে মাদক ব্যবসায়ী সোহাগ আঙ্গুরের লেদের সামনে মাদক বিক্রির উদ্দেশ্যে একটি প্লাস্টিকের ব্যাগ হাতে দাঁড়িয়ে ছিল পুলিশের উপস্থিতিতে টের পেয়ে পালিয়ে যাওয়ার সময় তাকে আটক করা হয় এবং তার ব্যাগ তল্লাশি করে ২০ বোতল ফেনসিডিল পাওয়া যায়।

পরে তাকে আটক করে মুজিবনগর থানায় নিয়ে আসা হয়। আটককৃত আসামী সোহাগ আলী মাদকদ্রব্য ফেন্সিডিল নিজ হেফাজতে রেখে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এর ১৪(খ) ধারার অপরাধ করেছে। তাই তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করে তাকে কারাগারে পাঠানোর প্রক্রিয়া চলছে।